সেন্ট্রাল লাইব্রেরী
খুলনা প্রকৌশল প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩।

স্মারক নং- খুপ্রবি/লাই/৬২১(৬০)　　　　　　　　　　　　　　　　　　তারিখ ঃ ০৭/১১/২০২৪ ইং।

# বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালযের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, আগামী ১১-১১-২০২৪ তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকা হতে দিনব্যাপী সেন্ট্রাল লাইব্রেরীতে Machine Readable Library Card (MRLC) বিতরণ এবং আগামী ১২-১১-২০২৪ তারিখ রোজ মঙ্গলবার হতে ১ম বর্ষের (২৩ ব্যাচ) ছাত্র-ছাত্রীদের নামে বই ইস্যু/Check-Out করা হবে।

- ➢ সেন্ট্রাল লাইব্রেরীর ৩য় তলায় স্বশরীরে উপস্থিত হয়ে Library Card সংগ্রহ করতে হবে।
- ➢ Library Automation এবং Online Payment System এ Login-এর জন্য User ID ও Password একই সাথে প্রদান করা হবে। উল্লেখ্য যে, উভয় ক্ষেত্রে একই Password প্রযোজ্য হবে।

**বই লেন-দেনের শর্তাবলী ঃ**

১। প্রত্যেক ছাত্র-ছাত্রী সর্বোচ্চ ০৩ (তিন) টি বই ০১ (এক) মাসের জন্য Circulation Section থেকে Check-Out/Issue করতে পারবে।

২। ইস্যুকৃত বইগুলো সর্বোচ্চ ০৫ (পাঁচ) বার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই Online-এ Renew করা যাবে। **প্রতিবার Renew এর মেয়াদ সর্বোচ্চ ০১ (এক) মাস।**

৩। নির্ধারিত সময়ের মধ্যে বই জমা বা Renew করতে ব্যর্থ হলে প্রতিটি বইয়ের জন্য প্রতি কর্মদিবসে ০২ (দুই) টাকা হারে জরিমানা দিতে হবে।

৪। লাইব্রেরী কার্ড কোন অবস্থাতেই হস্তান্তর যোগ্য নয়। এ নিয়মের ব্যতিক্রম ঘটলে লাইব্রেরী কর্তৃপক্ষ নিয়মানুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

**বিশেষ দ্রষ্টব্যঃ** ছাত্র-ছাত্রীরা সেন্ট্রাল লাইব্রেরীর ওয়েবসাইট https://library.kuet.ac.bd/ এর মাধ্যমে e-resources (e-books & e-Journals) ব্যবহার করতে পারবে।

ধন্যবাদান্তে,

০৭/১১/২০২৪

(মোঃ আক্কাছ উদ্দিন পাঠান)
লাইব্রেরীয়ান
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩।

স্মারক নং-খুপ্রবি/লাই/ ৬২১(৬০)　　　　　　　　　　　　　　　　　　তারিখ ঃ ০৭-১১-২০২৪ ইং।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ**

১। ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক, আইআইসিটি, আইডিএম ও আইইপিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
৩। রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।
৪। সকল বিভাগীয় প্রধান, (বিভাগের শিক্ষার্থীদের মাঝে প্রচারের অনুরোধসহ), অত্র বিশ্ববিদ্যালয়।
৫। সকল প্রভোষ্ট, (হলের শিক্ষার্থীদের মাঝে প্রচারের অনুরোধসহ), অত্র বিশ্ববিদ্যালয়।
৬। পরিচালক (ছাত্র কল্যাণ), (শিক্ষার্থীদের মাঝে প্রচারের অনুরোধসহ), অত্র বিশ্ববিদ্যালয়।
৭। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), অত্র বিশ্ববিদ্যালয়।
৮। পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ), অত্র বিশ্ববিদ্যালয়।
৯। চেয়ারম্যান, লাইব্রেরী কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।